

আল-হিজর | Al-Hijr | الحِجْر

আয়াতঃ ১৫ : ৮০

আরবি মূল আয়াত:

إِلَّا عِبَادَكَ مِنْهُمُ الْمُخْلَصِينَ ﴿٤٠﴾

Aর্থ অনুবাদসমূহ:

তাদের মধ্য থেকে আপনার একান্ত বান্দাগণ ছাড়া। — আল-বায়ান

কিন্তু তাদের মধ্যে আপনার বাছাই করা বান্দাহদের ছাড়া।' — তাইসির়ল

তবে তাদের মধ্য হতে আপনার নির্বাচিত বান্দাগণ ব্যতীত। — মুজিবুর রহমান

Except, among them, Your chosen servants." — Sahih International

৪০. তবে তাদের মধ্যে আপনার একনিষ্ঠ বান্দাগণ ছাড়া।(১)

(১) এ বাক্যের দুটি অর্থ হতে পারে। একটি অর্থ, তোমার জোর খাটবে শুধুমাত্র এমন বিপথগামীদের ওপর যারা তোমাকে অনুসরণ করবে। আমার সত্যিকার বান্দাদের উপর তোমার কোন জোর খাটবে না। আর দ্বিতীয় অর্থটি হচ্ছে, যারা ইখলাসের সাথে ইবাদাত করবে, অন্য কোন দিকে তাকাবে না, তাদের উপর তোমার কোন প্রভাব কাজ করবে না। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৪০) তবে তাদের মধ্যে তোমার একনিষ্ঠ বান্দাগণ ছাড়া।'

-

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1842>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন